৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
**(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)**
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ**

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সার্কুলার লেটার নং-ডিএমডি-০৫/২০১৯

তারিখ : ৪ঠা ভাদ্র ১৪২৬ / ১৯ আগষ্ট ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড বিক্রয় কার্যক্রম চালু রাখা ও জোরদারকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিধির স্পষ্টীকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৪/০৮/২০১৯ তারিখের ০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬-১০৫ নং পত্র ও এর সাথে সংযুক্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ২৮/০৭/২০১৯ তারিখের পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ডে বিনিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন আইন ও বিচার বিভাগের মতামত অনুযায়ী বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিক অর্থাৎ প্রবাসী সকল বাংলাদেশী রেমিটেন্স আহরণকারী ও প্রেরণকারী (চাকুরীজীবী কিংবা ব্যবসায়ী নির্বিশেষে) তাদের উপার্জিত অর্থের বিপরীতে এ বন্ড ক্রয় করতে পারবেন। অর্থাৎ, প্রবাসী ব্যবসায়ীরা কিংবা প্রবাসে অবস্থানরত অন্য কোন পেশাজীবীগণ তাদের উপার্জিত অর্থের মাধ্যমে The Wage-Earners Development Bond Rules, 1981 অনুযায়ী বন্ড ক্রয় করতে আইনগত কোন বাধা নেই।

এমতাবস্থায়, উপরোক্ত মতামত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০৪(চার)

(মোঃ খুরশীদ আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩১

ফোন : ৮৮-০২-৯৫৩০০১০-৭৫, ৯৫৩০৭০০-৫৯, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৬২১২, www.bb.org.bd

| গভর্নর মহোদয়ের দপ্তর, বাংলাদেশ ব্যাংক | |
|---|---|
| ডাইরী নং- | তারিখ ঃ |
| ডেপুটি গভর্নর-১ | □ জরুরী |
| ডেপুটি গভর্নর-২ | □ দ্রুত ব্যবস্থা নিন |
| ডেপুটি গভর্নর-৩ | □ দ্রুত আলোচনা করুন |
| নির্বাহী পরিচালক- | □ পরীক্ষাপূর্বক উপস্থাপন করুন |
| এমআরএ/এসপিসিবিএল | □ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| জিএম | □ উপস্থাপন করুন |
| | স্বাক্ষর ঃ |

নির্বাহী পরিচালক-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় অধিশাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬-

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬ / ০৪ আগস্ট ২০১৯

বিষয়: **ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড বিক্রয় কার্যক্রম চালু রাখা ও জোরদারকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিধির স্পষ্টীকরণ।**

সূত্র : (১) বাংলাদেশ ব্যাংকের পত্র নং-ডিএমডি/এসবি-০৬/২০১৯-১২৬৪, তারিখ : ১৮ জুলাই, ২০১৯
(২) বাংলাদেশ ব্যাংকের পত্র নং-ডিএমডি/সঞ্চয়বন্ড-০৬/২০১৯-৭৩৭, তারিখ : ১৬ এপ্রিল, ২০১৯
(৩) বাংলাদেশ ব্যাংকের পত্র নং-ডিএমডি/সঞ্চয়বন্ড-০৬/২০১৯-৫৪১, তারিখ : ২৪ মার্চ, ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রেক্ষিতে The Wage-Earners development bond Rules, 1981 অনুযায়ী ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড-এ বিনিয়োগের বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ হতে প্রাপ্ত মতামত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি : আইন ও বিচার বিভাগের মতামত ০৩ (তিন) পৃষ্ঠা।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

| মহাব্যবস্থাপক মহোদয়ের শাখা | |
|---|---|
| ইনওয়ার্ড নং- ২০৭৬ তারিখ ঃ ০৮.০৮.১৯ | স্বাক্ষর ঃ |
| ডিজিএম-১ | □ উপস্থাপন করুন |
| ডিজিএম-২ | □ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| ডিজিএম-৩ | □ আলোচনা করুন |
| | □ জরুরী |
| | □ নথিভূক্ত |

( মোহাম্মদ নায়িরুজ্জামান )
উপসচিব
ফোনঃ ০২ ৯৫৪০০৯৪।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ : জনাব মোঃ খুরশীদ আলম, মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট)।
২। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬-

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬ / ০৪ আগস্ট ২০১৯

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। যুগ্ম সচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

( মোহাম্মদ নায়িরুজ্জামান )
উপসচিব

D:\SavingS\BOND\Bond Letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১২৯.০৪.৬৭.১৯- ৯৬ তারিখঃ ২৮/০৭/২০১৯খ্রিঃ

বিষয়ঃ The Wage-earners development bond Rules 1981 অনুযায়ী ক্রয়ের যোগ্যতার প্রশ্নে ব্যবসায়ীরা বন্ড ক্রয় করতে পারবে কি-না সে বিষয়ে মতামত প্রদান প্রসংগে।

সূত্রঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬-৬১,তারিখঃ ২৬/০৫/২০১৯খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে আইন ও বিচার বিভাগের মতামত অনুবিভাগ কর্তৃক ২৫/০৭/২০১৯ খ্রিঃ তারিখে ১০.০০.০০০০.১২৯.০৪.৬৭.১৯ নং নথিতে প্রদত্ত মতামতের উদ্ধৃতাংশ এতদসংগে সংযুক্তক্রমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হল।

সংযুক্তঃ ০১(এক) ফর্দ।

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫৭৭৪২০ (অঃ)

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
(দৃঃআঃ- সিনিয়র সহকারী সচিব,শাখা-সঞ্চয়)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
মতামত অনুবিভাগ।

নথি নং-১০.০০.০০০০.১২৯.০৪.৬৭.১৯

বিষয় ঃ **The Wage-earners development bond Rules 1981 অনুযায়ী ক্রয়ের যোগ্যতার প্রশ্নে ব্যবসায়ীরা বন্ড ক্রয় করতে পারবে কি-না সে বিষয়ে মতামত প্রদান ।**

সূত্র ঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ২৮ মে, ২০১৯ খ্রিঃ সনের স্মারক নং- ০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬-৬১

২। বিবেচ্য পত্র ও সংযুক্ত কাগজাদি সদয় অবলোকন করা যেতে পারে।

৩। **বিষয় সংক্ষেপ ঃ** অভ্যন্তরিন সম্পদ বিভাগ হতে প্রেরিত বিবেচ্য পত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয়, The Wage-earners development bond Rules 1981 অনুযায়ী প্রবাসী ব্যবসায়ীরা বন্ড ক্রয় করতে পারবে কিনা সে বিষয়ে অস্পষ্টতা পরিলক্ষিত হচ্ছে, উক্ত বিধিমালা অনুযায়ী প্রবাসী ব্যবসায়ী বন্ড ক্রয় করতে পারবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদানের জন্য প্রত্যাশী বিভাগ হতে বিবেচ্য পত্রটি প্রেরণ করা হয়েছে।

৪। **মতামত ঃ** The Wage-earners development bond Rules 1981 এর ধারা ২ উপ-ধারা ১০ অনুযায়ী Wage-earners এর সংজ্ঞা নিম্নরুপ ঃ-

2 (10) **Wage-Earner** means a Bangladesh national gainfully employed abroad but not paid by the Government or a statutory, autonomous or semiautonomous body, and also includes a Bangladesh national who has his origin in Bangladesh but, for any reason, has assumed foreign nationality.

উপর্যুক্ত সংজ্ঞা অনুযায়ী, Wage-earners বলতে একজন বাংলাদেশী নাগরিককে বুঝাবে, যিনি লাভজনকভাবে বিদেশে বৈদেশিক মুদ্রা অর্জনে নিয়োজিত কিন্তু সরকার বা সরকারী সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, স্বায়ত্বশাসিত বা আধা স্বায়ত্বশায়িত সংস্থা হতে বেতন ভাতাদি প্রাপ্ত হয় না। তাছাড়া যিনি বাংলাদেশের নাগরিক হলেও যে কোন কারণে হউক, বিদেশী নাগরিকত্ব গ্রহণ করেছেন।

বর্ণিত সংজ্ঞার আলোকে বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিক অর্থাৎ প্রবাসী সকল বাংলাদেশী রেমিটেন্স আহরণকারী ও প্রেরণকারী (চাকুরীজীবী কিংবা ব্যবসায়ী নির্বিশেষে) তাদের উপার্জিত অর্থের মাধ্যমে বন্ড ক্রয় করতে পারেন। কিন্তু একই বিধিমালার বিধি ৩ এ বন্ড ক্রয়ের যোগ্যতা সম্পর্কে নিম্নরুপে উল্লেখ রয়েছে যে,

3. **Eligibility for purchase of Bond** –(1) The following persons shall be eligible to purchase bonds, namely :-

(a) A Bangladeshi wage-earner serving abroad and entitled to wage-earners' rate of exchange on his own earnings in foreign exchange-

(i) In his own name : or
(ii) In the name of any other person named in his application: And

ক্লেয়মুল আলাম
সিনিয়র সহকারী সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(b) a beneficiary of a wage-earners' remittance in foreign exchange in his own name or in the name of wage-earner if he produces sufficient proof to the effect that the remittance has been made by the wage-earner out of his own earnings in foreign exchange is adequate to cover the value of the Bond.

(2) Where a wage-earner is an employee of the Government or a statutory, autonomous or semiautonomous body working abroad on lien he shall be eligible to purchase a bond if he has fulfilled the requirements as prescribed by the Government from time to time in respect of compulsory remittance of a portion of his gross salary to Bangladesh through normal official channel at the official rate of exchanges. Employees of Bangladesh Missions abroad employed by the Government and paid in Foreign Currency, being not Wage earners, shall also be eligible to purchase a bond.

উল্লিখিত বিধির উপ-বিধি ২ এর আলোকে বাংলাদেশ সরকার, স্বায়ত্বশাসিত, আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে নিয়োগপ্রাপ্ত বেতনভুক কর্মকর্তা/কর্মচারী বিদেশে কর্মরত থাকলে তাদের উপার্জিত অর্থের মাধ্যমে বন্ড ক্রয়ের যোগ্য মর্মে বিবেচিত এবং উপ-বিধি ১ এ অনুযায়ী বিদেশে কর্মরত একজন বাংলাদেশী ওয়েজআর্নার নিজ নামে, তার সুবিধাভোগী কিংবা তার দরখাস্তে বর্ণিত অন্য কারো নামে বন্ড কিনতে যোগ্য মর্মে উল্লেখ করা হয়েছে। উক্ত উপ-বিধিতে উল্লিখিত wage-earner বলতে উপ-বিধি ২(১০) এ বর্ণিত সংজ্ঞায় উল্লিখিত wage-earner কেই বুঝাবে। পূর্বেই উল্লেখ করা হয়েছে, বর্ণিত সংজ্ঞায় বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিক অর্থাৎ প্রবাসী সকল বাংলাদেশী রেমিটেন্স আহরণকারী ও প্রেরণকারী (চাকুরীজীবী কিংবা ব্যবসায়ী নির্বিশেষে) সকলকেই বন্ড ক্রয়ের যোগ্য মর্মে বুঝানো হয়েছে। বর্ণিতাবস্থায়, প্রবাসী ব্যবসায়ীরা কিংবা প্রবাসে অবস্থানরত অন্য কোন পেশাজীবীগণ তাদের উপার্জিত অর্থের মাধ্যমে The Wage-Earners development bond Rules 1981 অনুযায়ী বন্ড ক্রয় করতে আইনগত বাধা নেই।

৫। নোটানুচ্ছেদ ৪ এর মতামত সদয় অনুমোদিত হলে, অনুমোদিত মতামতের সত্যায়িত ছায়ালিপি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণের জন্য এ বিভাগের বিচার শাখা-৫ এ প্রেরণ করা যেতে পারে।

(স্বাক্ষরিত)

সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক
মন্ত্রণালয়